

কারিগরি শিক্ষা, সমৃদ্ধ
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২ (প্রশাসন)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০১১.৯৯.০০৬.১৮.২৭৯

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৫

১৯ নভেম্বর ২০১৮

বিষয়: অন্যত্র চাকরির জন্য আবেদন ও উচ্চতর ডিগ্রী (এমএসসি) অর্জনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের
কপি এবং প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ পুনরায় আবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-মৌপই/প্রশা/১-২/২০১০/৬১১, তারিখ: ১০/১০/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষক অন্যত্র চাকরির নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অধ্যক্ষের মাধ্যমে আবেদন করেছেন। তার প্রেরিত প্রস্তাবে অন্যত্র চাকরির জন্য আবেদন ও উচ্চতর ডিগ্রী (এমএসসি/এমএস) অর্জনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি এবং প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ না থাকার কারণে বিবেচনা করা গেল না।

ক্রমিক নং	নাম, পদবী ও প্রতিষ্ঠান	প্রয়োজনীয় কাগজপত্রাদী
১।	জনাব ইশতিয়াক আহমেদ জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক) রসায়ন মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট	১। কর্মরত প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহোদয়ের অগ্রায়ন পত্রের কপি। ২। আবেদনকারীর ব্যক্তিগত আবেদনের কপি। ৩। অন-লাইন ফরম পূরণের প্রিন্ট কপি। ৪। সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ফটোকপি সত্যায়িত। ৫। উচ্চতর ডিগ্রী (এমএসসি/এমএস) অর্জনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি। ৬। নিয়োগ বিজ্ঞপ্তি কপি। ৭। ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা। ৮। দেশে/বিদেশে প্রশিক্ষণ সংক্রান্ত প্রত্যয়ন পত্র। ৯। অভিজ্ঞতার সনদপত্র।

২। এমতাবস্থায়, বর্ণিত ছক মোতাবেক অন্যত্র চাকরির নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ও উচ্চতর ডিগ্রী (এমএসসি/এমএস) অর্জনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি এবং প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ প্রস্তাবটি পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।



১৯-১১-২০১৮

নাজমুন নাহার
সহকারী পরিচালক

অধ্যক্ষ, মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০১১.৯৯.০০৬.১৮.২৭৯/১(৪)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৫

১৯ নভেম্বর ২০১৮


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জনাব ইশতিয়াক আহমেদ, জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক) রসায়ন, মৌলভীবাজার পলিটেকনিক
ইনস্টিটিউট।

২) ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩) পিএটু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সংরক্ষণ নথি।



১৯-১১-২০১৮

নাজমুন নাহার
সহকারী পরিচালক